

হোস্টেলসমূহের সিট বরাদ্দ কমিটি
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা



তারিখঃ ০৭/১০/২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি


সরকারি ব্রজলাল কলেজ, খুলনার আবাসিক হলে আসন বরাদ্দের জন্য নিয়মিত শিক্ষার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


আবেদন ফরম জমাদানের তারিখ: ২৩/১০/২০২৪ ইং পর্যন্ত।

সাক্ষাতকার গ্রহণ: ২৮/১০/২০২৪ ইং

দ্রষ্টব্য: কলেজ ওয়েবসাইট www.blcollege.edu.bd হতে আবেদন ফরম সংগ্রহ করে নীতিমালা অনুসরণ পূর্বক যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে কলেজ অফিসে জমা দিতে হবে।

প্রতিস্বাক্ষরিত


০৭/১০/২৪
(প্রফেসর সেখ মোঃ হামায়ুন কবীর)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা


০৭/১০/২৪
(মোঃ আব্দুল মান্নান)
আহ্বায়ক
হোস্টেলসমূহের সিট বরাদ্দ কমিটি
ও
সহযোগী অধ্যাপক, দর্শন
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা



সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
(আবাসনের জন্য আবেদন)

ছবি

হোস্টেলের নাম: (কর্তৃপক্ষ কর্তৃক পূরণীয়)

১. আবেদনকারীর তথ্য:

নাম:

শ্রেণি/বর্ষ:

বিভাগ/বিষয়:

শ্রেণি রোল:

রেজিস্ট্রেশন নং:

শিক্ষাবর্ষ:

জাতীয় পরিচয়পত্র নং: (যদি থাকে):

মোবাইল নং:

ইমেইল:

২. উত্তীর্ণ পরীক্ষা সমূহের বিবরণঃ

পরীক্ষার নাম	শিক্ষাবর্ষ	পাশের সন	প্রাপ্ত নম্বর	প্রাপ্ত গ্রেড
এস.এস.সি				
এইচ.এস.সি				
স্নাতক (সম্মান) ১ম বর্ষ				
স্নাতক (সম্মান) ২য় বর্ষ				
স্নাতক (সম্মান) ৩য় বর্ষ				
স্নাতক (সম্মান) ৪র্থ বর্ষ				
মাস্টার্স শেষ পর্ব				
স্কের:				

৩. আবেদনকারীর পিতা/মাতার তথ্য:

পিতার নাম:

জাতীয় পরিচয়পত্র নং:

মাতার নাম:

জাতীয় পরিচয়পত্র নং:

ঠিকানা: গ্রাম:

পোস্ট:

থানা:

জেলা:

পিতার পেশা:

মোবাইল নং:

মাতার পেশা:

মোবাইল নং:

৪. স্থানীয় অভিভাবকের তথ্য:

অভিভাবকের নাম:

জাতীয় পরিচয়পত্র নং:

সম্পর্ক:

মোবাইল নং:

বর্তমান ঠিকানা: গ্রাম/বাসা নম্বর/রোড নম্বর:

পোস্ট:

থানা:

জেলা:

বিভাগীয় প্রধানের সুপারিশ:

.....

.....

সংযুক্তি:

** কলেজ আইডি কার্ডের সত্যায়িত কপি।

** শিক্ষার্থী, পিতা, মাতা ও অভিভাবকের NID কার্ডের সত্যায়িত কপি।

** SSC, HSC এবং সকল পরীক্ষার মার্কস/রেজাল্ট সীট/ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত কপি।

আবেদনকারীর স্বাক্ষর

সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
আবাসিক হলসমূহের আসন বন্টন নীতিমালা



- ১। কলেজ হোস্টেলে মেধা ভিত্তিক আসন বন্টিত হবে।
- ২। আবাসিক হলের শূণ্য আসনসমূহ নিম্নোক্ত হারে বন্টিত হবে।
 - অনার্স ২য় বর্ষ - ২৫%
 - অনার্স ৩য় বর্ষ - ২৫%
 - অনার্স ৪র্থ বর্ষ - ৩০%
 - মাস্টার্স শেষ পর্ব - ২০%
- ৩। মেধা স্কোর হিসাব/নির্ণয়ের ক্ষেত্রে শিক্ষার্থীর SSC, HSC ও অনার্সের পূর্ববর্তী সকল বর্ষের রেজাল্ট বিবেচনা করা হবে।
- ৪। বিভিন্ন বর্ষের অনার্স পরীক্ষার রেজাল্ট GP তে রূপান্তরকরত বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যায়িত হতে হবে।
- ৫। বিভিন্ন শ্রেণীর আসন হিসাব করার সময় দশমিক সংখ্যা- কে .৫০ পূর্ববর্তী সংখ্যার সাথে সমন্বয় করা হবে এবং এর অধিক হলে পরবর্তী সংখ্যার সাথে সমন্বয় করে সংখ্যা নির্ধারণ করা হবে। তবে অন্য কোন বর্ষে উচ্চতর ফলাফল সম্পন্ন প্রার্থীর সংখ্যা যে কোন বর্ষে বেশী হলে আসন বন্টন কমিটি ঐ বর্ষের সাথে দশমিক সংখ্যা সমন্বয় করতে পারবে।
- ৬। একাধিক শিক্ষার্থীর মেধা স্কোর একই হলে মার্কসের অগ্রাধিকারের ভিত্তিতে আসন বন্টন করা হবে। মার্কস যদি একই হয় তবে কলেজ হতে শিক্ষার্থীর বাসস্থানের দূরত্বের ভিত্তিতে আসন বন্টন করা হবে।
- ৭। কোন বর্ষের আসন শূণ্য হলে সংশ্লিষ্ট বর্ষের শিক্ষার্থী দ্বারা ঐ আসন পূর্ণ করা হবে।
- ৮। বিবাহিত শিক্ষার্থীকে হলে আসন বরাদ্দ দেয়া হবে না।
- ৯। একজন শিক্ষার্থীকে একাধিক হলের সিট বরাদ্দের জন্য বিবেচনা করা হবে না।
- ১০। অনার্স ও মাস্টার্স শিক্ষার্থীদের মৌখিক পরীক্ষা যে মাসে অনুষ্ঠিত হবে ঐ মাসের শেষ তারিখেই হলের সিট শূণ্য বলে বিবেচনা করা হবে।
- ১১। কোন বর্ষে এবং কোন বিষয়ে যদি কোন আবেদনপত্র জমা না পড়ে তবে অনু: ২ অনুসারে ঐ বর্ষের আসন গুলো অন্যান্য বর্ষের আসনের সাথে সমন্বয় করে সিট বরাদ্দ দেয়া হবে।
- ১২। পরীক্ষার ফল প্রকাশিত না হওয়া পর্যন্ত কোন শিক্ষার্থী কে পরবর্তী বর্ষের শ্রেণির শিক্ষার্থী হিসাবে বিবেচনা করা হবে না।
- ১৩। শিক্ষার্থীকে তার নামে বরাদ্দকৃত কক্ষে এবং সিটে অবস্থান করতে হবে। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শিক্ষার্থীর সিট/আসন পরিবর্তন করতে পারবেন।
- ১৪। আবাসিক শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক শ্রেণী কক্ষে উপস্থিতি নিশ্চিত করবে।
- ১৫। আবাসিক শিক্ষার্থীদের জাতীয় গুরুত্বপূর্ণ দিবসে কলেজ কর্তৃপক্ষের আয়োজিত অনুষ্ঠানে উপস্থিতি বাধ্যতামূলক।
- ১৬। কোনো শিক্ষার্থী শৃংখলা পরিপন্থী কাজে নিয়োজিত থাকলে অথবা মাদকাসক্ত হলে তাৎক্ষণিকভাবে তার সিট বাতিল করা হবে।
- ১৭। আবেদনপত্র স্বহস্তে পূরণকৃত ও স্বাক্ষরিত হতে হবে এবং আবেদনপত্রের সাথে বোর্ড/বিশ্ববিদ্যালয়ের ফলাফলের কাগজপত্র সংশ্লিষ্ট বিষয়ের বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে। ব্যতিক্রম হলে সরাসরি উক্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১৮। কোনো মিথ্যা তথ্য দিয়ে সিট বরাদ্দ নিলে অথবা একজনের নামে সিট বরাদ্দ নিয়ে অন্যজন অবস্থান করলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট শিক্ষার্থীর সিট বাতিল করা হবে।
- ১৯। সিট বরাদ্দের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ২০। কর্তৃপক্ষ এ নীতিমালা প্রয়োজনে পরিমার্জন ও সংশোধন করার অধিকার সংরক্ষণ করে।

০৭/১০/২৪
প্রফেসর সেখ মোঃ হুমায়ুন কবীর।
আইডি নম্বর: ৩০০০৭১২৭
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা